

# Tripura Commission For Women

Melarmath, Agartala, West Tripura, PIN - 799001  
e-mail : tripuracommissionforwomen@gmail.com  
Website : www.tcw.tripura.gov.in

Ref. No.....

## পারিবারিক সমস্যা মেটাতে মহিলা কমিশনের কাউন্সিলিং

5-7-23

স্বন্দন প্রতিনিধি, ধর্মনগর, ৪  
জুলাই। মঙ্গলবার সকাল থেকে  
ধর্মনগর সার্কিট হাউসে রাজ্য  
মহিলা কমিশনের উত্তর জেলা  
ভিত্তিক কাউন্সিলিং শুরু হয়েছে।  
মহিলা কমিশনের চেয়ারপার্সন  
বর্ণালী গোস্বামী জানান মোট ২৮  
টি পরিবার এবার তাদের  
পারিবারিক সমস্যা নিয়ে  
সমাধানের জন্য মহিলা  
কমিশনের কাছে দরখাস্ত

করেছে। ২৮ টি পরিবারের দুই  
পক্ষকে সার্কিট হাউসে হাজির  
করে কাউন্সিলিংয়ের কাজ  
চলছে। দুপুর দুইটা পর্যন্ত  
যতগুলি মামলা হাতে নিয়ে কাজ  
হয়েছে তার আশি শতাংশ  
সমাধান হয়ে গেছে। দুই একটি  
মামলা আইনি পর্যায়ে  
পরিচালিত হয়েছে। রাত আটটা  
পর্যন্ত এই কাউন্সিলিং এর কাজ  
চলতে বলে চেয়ারপার্সন বর্ণালী

গোস্বামী জানান। তবে তিনি  
আশাবাদী যে এবারের  
কাউন্সিলিং এ অধিকাংশ পরিবার  
কেই মিলিয়ে দিতে তিনি সক্ষম  
হবেন। উল্লেখ্য রাজ্যে মহিলা  
সংক্রান্ত মামলা উত্তরোত্তর বৃদ্ধি  
পাওয়ায় মহিলা কমিশন সর্বক্ষণ  
এইসব কাজের সরাহা করতে  
অক্লান্ত পরিশ্রম সহকারে  
সমাধানের কাজ করে এগিয়ে  
চলেছে।